# গল্‌ফ গার্ডেন ব্যবহারবিধি ও বুকিং এর নিয়মাবলী

## (বেসামরিক ব্যক্তিবর্গদের জন্য প্রযোজ্য)

১। গল্‌ফ গার্ডেন বরাদ্দের জন্য সকল শ্রেনীর গ্রাহককে গল্‌ফ গার্ডেন ওয়েব সাইট **www.golfgarden.com.bd** এ অন লাইনে আবেদন করতে হবে।

২। অনুষ্ঠানাদির জন্য সকল প্রকার ভাড়ার টাকা **"গল্‌ফ গার্ডেন"/ (GOLF GARDEN)** এর অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পরিশোধ করতে হবে। চেক বা নগদ টাকা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়।

৩। অনুষ্ঠানের ক্ষেত্রে অনুষ্ঠান হতে ০১ বছরের মধ্যে (ক্যালেন্ডার ইয়ার) গল্‌ফ গার্ডন বুকিং দেয়া যাবে। কোন অবস্থাতেই ০১ (এক) বছরের অধিক সময় পূর্বে গল্‌ফ গার্ডন বুকিং নিশ্চিত (Confirm) করা হবে না।

৪। গল্‌ফ গার্ডন বুকিং বাতিল এবং তারিখ পরিবর্তনের জন্য যথাযথ কারন প্রর্দশন পূর্বক গল্‌ফ গার্ডেন কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।

**৫। কোন গ্রাহক যদি গল্‌ফ গার্ডেন এর বুকিং বাতিল করতে চান তাহলে নিম্নবর্নিত হারে জমাকৃত হলভাড়া হতে বুকিং বাতিল/তারিখ পরিবর্তন চার্জ বাবদ টাকা কর্তন করা হবেঃ**

- ক। অনুষ্ঠানের ৬ মাস বা তার পূর্বে বুকিং বাতিল করলে হলভাড়া বাবদ জমাকৃত টাকা হতে শতকরা ১০ ভাগ হিসেবে কর্তন করা হবে।
- খ। ৪৫ দিন বা তার পূর্বে বুকিং বাতিল করলে হলভাড়া বাবদ জমাকৃত টাকা হতে শতকরা ২০ ভাগ হিসেবে কর্তন করা হবে।
- গ। ৪৪-৩১ দিন পূর্বে বুকিং বাতিল করলে হলভাড়া বাবদ জমাকৃত টাকা হতে শতকরা ৫০ ভাগ হিসেবে কর্তন করা হবে।
- ঘ। ৩০-০৭ দিন পূর্বে বুকিং বাতিল করলে হলভাড়া বাবদ জমাকৃত টাকা হতে শতকরা ৮০ ভাগ হিসেবে কর্তন করা হবে।
- ঙ। ০৭ দিনের কম সময় অবশিষ্ট থাকাকালে অনুষ্ঠান বাতিল কিংবা তারিখ পরিবর্তন করা যাবে না।
- চ। দিন খালি থাকা সাপেক্ষে গ্রহনযোগ্য বিশেষ কারণে বুকিং এর তারিখ পরিবর্তন করা যেতে পারে, তবে সেক্ষেত্রে গল্‌ফ গার্ডেন ব্যবহারকারীকে হলভাড়া হিসেবে জমাকৃত টাকার নিম্নবর্নিত হারে, যেমন ৪৫ দিন পূর্বে ১০ %, ৩০ দিন পূর্বে ১৫%, ১৫ দিন পূর্বে ২০% এবং ০৭ দিন পূর্বে ২৫% হিসেবে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

৬। সেনাবাহিনী/সরকারী/ক্লাবের নিজস্ব প্রয়োজনে অথবা রাজনৈতিক পরিস্থিতির কারনে যে কোন বুকিং যে কোন সময় বাতিল করার অধিকার গল্‌ফ গার্ডেন কর্তৃপক্ষ সংরক্ষন করেন। সরকারী কাজ বা নিষেজ্ঞার জন্য কর্তৃপক্ষ বুকিং বাতিল করলে কোন প্রকার চার্জ কর্তন করা হবে না।

৭। গল্‌ফ গার্ডেন কার্যালয়ে কর্মরত অফিসার/স্টাফ ব্যতীত কোন গ্রাহক বুকিং রেজিষ্টারে নিজ হাতে নাম লিপিবদ্ধ করতে পারবেন না। গ্রাহকদের গল্‌ফ গার্ডেন বুকিং রেজিষ্টার দেখার অনুরোধ/প্রস্তাব গ্রহণযোগ্য নয়।

**৮। আর্মি গল্‌ফ ক্লাবের সম্মানিত বেসামরিক সদস্য/কর্পোরেট/পেট্রন সদস্যগন শুধুমাত্র নিজ/পুত্র/কণ্যার জন্য আয়োজিত অনুষ্ঠানের ক্ষেত্রে কেবলমাত্র ০১ (এক) টি অনুষ্ঠানের জন্য সাশ্রয়ী (Discount) ভাড়ার সুবিধা প্রাপ্ত হবেন। সাশ্রয়ী (Discount) মূল্যে ভাড়া নিয়ে অন্য কাউকে অনুষ্ঠান হস্তান্তর করা যাবে না।**

**৯। ওয়েব সাইট অথবা অফিস হতে বুকিং আবেদন ফরম সংগ্রহ করতঃ নিখুতভাবে পুরন করতে হবে । গায়ে হলুদ, বিবাহ্, বৌভাত, এনগেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের ক্ষেত্রে বুকিং এর সময় আবেদনকারীর ও বর-কনের (PP Size) ছবি ও তাদের ০১ কপি ভোটার আইডি/জন্ম নিবন্ধন/পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ।**

**১০। গল্‌ফ গার্ডেন বুকিং কেবলমাত্র হলরুম এবং নিম্নবর্ণিত সেবাসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকবে ঃ**

**ক। শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র খ। ডিজিটাল সাউন্ড সিস্টেম গ। কার পার্কিং ঘ। প্রসাধনী কক্ষ (Green Room)**

১১। গল্‌ফ গার্ডেন বুকিং নিশ্চিতকরনের জন্য নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করতঃ বুকিং মানির সাথে (০৩ দিনের মধ্যে) গল্‌ফ গার্ডেন অফিসে জমা করতে হবে। অন্যথায় বুকিং নিশ্চিত হবে না। গল্‌ফ গার্ডেন বুকিং ব্যতিত অন্যান্য চার্জ বাবদ পে-অর্ডার এবং ভ্যাট পরিশোধ বাবদ এ চালান (**a challan**) অনুষ্ঠানের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জমা করতে হবে।

১২। অতিথি আপ্যায়ন বাবদ খাদ্যের উপর ১৫% ভ্যাট পরিশোধের জন্য অনলাইন (**a challan**) গিয়ে অটোমেটেড চালান সিস্টেম প্রবেশ করে এনবিআর এর জমা অংশে মূসক নির্বাচন করে **অর্থনৈতিক কোড বিআইএন নং ০০২৭৭২৮৯৬-০১০১** এবং সারচার্জের ধরণ (দেশজ পণ্য ও সেবার ওপর মূসক) নির্বাচন করে ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর) এবং **যে সরকারী প্রতিষ্ঠান বরাবর চালান জমা দেওয়া হচ্ছে সেই অংশে ১১১০২০৬১০২২০১ গুলশান সার্কেল-৫, গুলশান বিভাগ, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) অবশ্যই নির্বাচন করতে হবে।** পরবর্তী ঘরে (কোন খাতে/কোডে অর্থ জমা হচ্ছে) দেশজ পণ্য ও সেবার ওপর মূসক -১১৪১১০১ নির্বাচন করে পরবর্তীতে গল্‌ফ গার্ডেনের বিআইএন নং ০০২৭৭২৮৯৬-০১০১ ও ব্যক্তির তথ্য দিয়ে ফর্ম পূরণ করতে হবে সর্বশেষে মন্তব্যের ঘরে অনুষ্ঠানের তারিখ লিপিবদ্ধ করে নির্ধারিত ভ্যাট পরিশোধ করতে হবে।

## অনুমোদিত অনুষ্ঠানাদি

১৩। গল্‌ফ গার্ডেনে নিম্নলিখিত অনুষ্ঠানাদির জন্য সামরিক ব্যক্তিবর্গের নিকট ভাড়া প্রদান করা হয় ঃ

- ক। এনগেজমেন্ট/গায়ে হলুদ/বিবাহ্/বৌভাত/বিবাহ্ বার্ষিকী/খত্না/জন্মদিন
- খ। কুলখানী/মিলাদ/ আকিকা।
- গ। কর্পোরেট অনুষ্ঠান/পুরস্কার বিতরনী অনুষ্ঠান/কনফারেন্স/সেমিনার/ওয়ার্কশপ ।
- ঘ। অন্যান্য (রাজনৈতিক কর্মকান্ড ব্যতিত)।

১৪। গল্‌ফ গার্ডেন কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন শর্তাবলী যেকোন সময়ে পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/সংশোধন করতে পারবেন।

**সর্তকবানীঃ গল্‌ফ গার্ডেনের বুকিংকৃত কোন গ্রাহক নির্দিষ্ট অনুষ্ঠানের জন্য ভাড়া নিয়ে অন্য কোন অনুষ্ঠান বা অন্য কারও নিকট তার অনুষ্ঠানটি করার জন্য হস্তান্তর করতে পারবেন না। এই নিয়ম অমান্যকারীর বিরুদ্ধে প্রতারনার অভিযোগ আনায়ন করতঃ প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহনের অধিকার গল্‌ফ গার্ডেন কর্তৃপক্ষ সংরক্ষন করেন।**

## অন্যান্য নির্দেশাবলী

১। গলফ গার্ডেন ব্যবহারকারীকে গলফ গার্ডেন ব্যবহার এবং বুকিং এর নীতিমালা অবশ্যই মেনে চলতে হবে।

২। আবেদনপত্রে অসম্পূর্ন বা অসত্য তথ্য উল্লেখ করলে অথবা উল্লেখিত নির্দেশাবলী লংঘিত হলে ক্লাব কর্তৃপক্ষ যে কোন মুহুর্তে গলফ গার্ডেন এর ব্যবহার বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

৩। গলফ গার্ডেন এর যে কোন অনুষ্ঠানে কোন প্রকার আতশ বাজি বা পটকা ফুটানো যাবে না, পোষ্টারিং/পেইন্টিং করা যাবে না এবং ওয়ালে বা সিলিং এ কোন কিছু লাগানো যাবে না।

৪। গলফ গার্ডেনের ব্যবহার ০৬ (ছয়) ঘন্টার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। রাত ১২০০ ঘটিকার পর কোন অনুষ্ঠান শেষ হলে প্রতি ঘন্টার জন্য ২০,০০০/- (বিশ হাজার টাকা মাত্র) টাকা অতিরিক্ত হিসেবে প্রদান সাপেক্ষে অনধিক ৩ ঘন্টা পর্যন্ত ব্যবহার করা যাবে।

৫। গলফ গার্ডেনে দিনের বুকিং এর সময়সীমা সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ১৬.০০ ঘটিকা পর্যন্ত (০৬ ঘন্টা)। কোন অবস্থাতেই গলফ গার্ডেনের দিনের অনুষ্ঠান বিকাল ১৬.০০ ঘটিকার অতিক্রম করা যাবে না।

৬। ব্যবহারকালে গলফ গার্ডেন বা তার আওতাধীন কোন সামগ্রীর কোন প্রকার ক্ষতি সাধিত হলে ব্যবহারকারীকে উক্ত ক্ষতির জন্য সমুদয় মূল্য পরিশোধ অথবা অনুরুপ সামগ্রী পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন।

৭। গলফ গার্ডেনের অনুষ্ঠানে প্রচলিত ব্যান্ড পার্টি ব্যবহার করতে হলে গলফ গার্ডেন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহন করতে হবে।

৮। সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষে আমন্ত্রিত অতিথি ব্যতীত অপরিচিত কেউ যাতে অনুষ্ঠানে যোগ দিতে না পারে, আয়োজনকারী তা নিশ্চিত করবেন।

৯। ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য আর্মি গলফ ক্লাব কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে কেবলমাত্র অস্ত্রবিহীন ট্রাফিক পুলিশ অথবা সিকিউরিটি গার্ড নিজ উদ্যেগে নিয়োগ করা যেতে পারে। এক্ষেত্রে অনুষ্ঠানের কমপক্ষে ৩ দিন পূর্বে লিখিত অনুমতি গ্রহণ করতে হবে।

১০। গলফ গার্ডেনের শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্রের ব্যবহার ৬ ঘন্টার বেশি করা যাবে না।

১১। গলফ গার্ডেনের টেবিল, চেয়ার ও অন্যান্য ব্যবহার্য্য সামগ্রী ব্যবহারকারীগন নিজ ব্যবস্থায় আর্মি গলফ ক্লাব কর্তৃপক্ষের নিকট থেকে বুঝে নেবেন এবং ব্যবহার শেষে নিজেদের লোকের মাধ্যমে সুষ্ঠুভাবে আর্মি গলফ ক্লাব কর্তৃপক্ষের নিকট ফেরত দেবেন। উক্ত দ্রব্যাদির কোনরুপ ক্ষতিসাধিত হলে ক্ষতিগ্রস্থ টেবিল, চেয়ার এবং অন্যান্য ব্যবহার্য্য সামগ্রী অবিকল ঠিক/পরিবর্তন করে দিতে অথবা নতুন ক্রয় করার সমুদয় মুল্য পরিশোধ করতে হবে।

১২। গলফ গার্ডেন ব্যাবহারের পূর্বের দিন কোন প্রকার সামগ্রী গলফ গার্ডেনে আনয়ন বা ডেকোরেশন করা যাবে না। অনুষ্ঠানের দিন সকাল ০৮০০ ঘটিকার পর প্রয়োজনীয় সামগ্রী গলফ গার্ডেনে আনয়ন বা ডেকোরেশনের ব্যবস্থা করা যাবে।

১৩। গলফ গার্ডেন ব্যবহার শেষে ভবন এবং পারিপার্শ্বিক এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা আর্মি গলফ ক্লাব কর্তৃপক্ষ যথাযথভাবে নিশ্চিত করবেন।

১৪। গলফ গার্ডেন ব্যবহারকারী নিজস্ব ব্যবস্থাপনায় খাবারের আয়োজন করলে সকল প্রকার মাছ/মাংশ ড্রেসড অবস্থায় গলফ গার্ডেনে আনতে হবে। কোন অবস্থাই তাঁজা মাছ/গরু/খাসী/মুরগী বা অন্য কোন প্রাণী গলফ গার্ডেনে আনতে পারবেন না।

১৫। কুক হাউস ব্যবহারকারীগন নিজ ব্যবস্থাপনায় ব্যবহারের পর তা পরিষ্কার করে আর্মি গলফ ক্লাব কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করবে।

১৬। রান্নার জন্য নির্ধারিত রন্ধনশালা ছাড়া অন্য কোন জায়গা ব্যবহার করা যাবে না।

১৭। অনুমোদিত অনুষ্ঠানাদিতে গান/নাচ/অভিনয়/কৌতুক পরিবেশনের জন্য কোন শিল্পী আনা হলে তাদের নামীয় তালিকা ০৭ (সাত) দিন পূর্বে লিখিত আকারে গলফ গার্ডেন কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। লক্ষ্যনীয় যে, এ সকল সাংস্কৃতিক অনুষ্ঠানে আগুন/ধোয়া/গ্যাস/ইলেকট্রিক আইটেম যা ষ্টেজের বা গলফ গার্ডেনের ক্ষতি করতে পারে তা ব্যবহার করা যাবে না।

১৮। অনুমোদিত অনুষ্ঠানদির ভিতরে কোন রাজনৈতিক আলোচনা বা সভা বা বক্তৃতা এবং ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন অনুষ্ঠান করা যাবে না। এ ধরনের ঘটনায় গলফ গার্ডেন কর্তৃপক্ষ তৎক্ষনাৎ অনুষ্ঠান বন্ধ করার অধিকার সংরক্ষন করেন।

১৯। গলফ গার্ডেন ব্যবহারকারীগন তাদের প্রয়োজন অনুযায়ী গলফ গার্ডেন ও ক্লাব সংলগ্ন এলাকায় গলফ গার্ডেনের মনোনিত প্রতিষ্ঠানের এর মাধ্যমে আলোকসজ্জা করতে পারবেন।

২০। গলফ গার্ডেনের পূর্ব ও ক্লাব হাউজের উত্তর পার্শ্বস্থ লন গলফ গার্ডেনের গ্রাহকগন ব্যবহার করতে পারবেন না।

২১। গলফ ক্লাবের Reception Lobby এবং Lounge গলফ গার্ডেনের গ্রাহকগন ব্যবহার করতে পারবেন না।

২২। গলফ গার্ডেনের সম্মুখ ও দক্ষিণ পার্শ্বস্থ (মোট পাঁচটি লন) লনে আলোকসজ্জা করা যাবে ।

২৩। গলফ গার্ডেনের সম্মুখস্থ রাস্তার পশ্চিম পার্শ্বের (ডান দিকে) লনে প্যান্ডেল তৈরি করা যাবে। অন্য কোন লন প্যান্ডেল তৈরীর কাজে ব্যবহার করা যাবে না।

২৪। গলফ গার্ডেন হলের ফ্লোরের ওয়ালে এবং স্টেজের কাঠের ফ্লোর, ওয়ালের কাঠের প্যানেল, পর্দা ও উইং ইত্যাদির কোন ক্ষতি সাধন করা যাবে না।

২৫। স্টেজে মোমবাতি, কুপি বাতি, হারিকেন, প্রদীপ ইত্যাদিসহ যাবতীয় আগুন জাতীয় দ্রব্যাদি ব্যবহার করা যাবে না।

২৬। গলফ গার্ডেন এলাকায় সাপ, বাঁদর, পাখি, ঘোড়া ও ঘোড়া গাড়ীসহ যাবতীয় পশুপাখি আনা, খেলা দেখানো ইত্যাদি সম্পূনরুপে নিষিদ্ধ।

## গলফ গার্ডেন ভাড়ার হার

| ক্রঃ/নং | শ্রেনী | হল রুম ভাড়া (রাতের বেলা) | ১৫% ভ্যাট | বুকিং মানি (অগ্রিম) | হল রুম ভাড়া (দিনের বেলা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) (গ+ঘ) | (চ) | (ছ) |
| ১। | বেসামরিক ব্যক্তিবর্গ (যারা আর্মি গলফ ক্লাবের সদস্য, শুধুমাত্র নিজ/পুত্র/কন্যার জন্য আয়োজিত অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য) | ২,৫০,০০০/- | ৩৭,৫০০/- | ২,৮৭,৫০০/- | ১,৪৩,৭৫০/-ভ্যাটসহ) | |
| ২ | ব্যাংক/প্রতিষ্ঠান (যে সমস্ত ব্যাংক / প্রতিষ্ঠানের কর্মকর্তাগন আর্মি গলফ ক্লাবের কর্পোরেট/পেট্রন সদস্য; শুধুমাত্র নিজ/পুত্র/কন্যার এবং ব্যাংক/ প্রতিষ্ঠানের নিজস্ব অনুষ্ঠানের ক্ষেত্রে) | ৩,০০,০০০/- | ৪৫,০০০/- | ৩,৪৫,০০০/- | ১,৭২,৫০০/- ভ্যাটসহ) | |
| ৩। | বেসামরিক ব্যক্তিবর্গ | ৩,৫০,০০০/- | ৫২,৫০০/- | ৪,০২,৫০০/- | ২,০১,২৫০/- (ভ্যাটসহ) | |

**বুকিং সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন; ০২-৫৫০৬২৩৪২, মোবাইলঃ ০১৭৬৯-০১৭৭৮৪, আর্মি-৭৭৮৪**
**অথবা লগ অন করুন www.golfgarden.com.bd, ইমেইলঃ golfgarden2010@gmail.com**

# গল্ফ গার্ডেন সার্ভিস সংক্রান্ত নীতিমালা- বেসামরিক ব্যক্তিবর্গ

১।    সিকিউরিটি মানি বাবদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার মাত্র) টাকা (ফেরতযোগ্য) অনুষ্ঠানের ০৭ দিন পূর্বে গল্ফ গার্ডেন অফিসে জমা করতে হবে। যদি অনুষ্ঠানের সময় কোন প্রকার অতিরিক্ত চার্জ হয় সেক্ষেত্রে অনুষ্ঠান শেষে অতিরিক্ত চার্জ বাবদ সমুদয় টাকা সমন্বয় করে অনুষ্ঠান শেষে বাকি টাকা গ্রাহককে প্রদান করা হবে।

২।    গল্ফ গার্ডেনে আলোকসজ্জা বাবদ বেসামরিক ব্যক্তিবর্গ (ক্লাব সদস্য) ও ব্যাংক/প্রতিষ্ঠান (কর্পোরেট/পেট্রন সদস্য) ৪০,০০০/- (চল্লিশ হাজার মাত্র) এবং বেসামরিক ব্যক্তিবর্গ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকা অনুষ্ঠানের ০৭ দিন পূর্বে "গল্ফ গার্ডেন"/ (GOLF GARDEN) এর অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পরিশোধ করবেন।

৩।    <u>সার্ভিস সংক্রান্ত অন্যান্য চার্জ (পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ যোগ্য)ঃ</u>

ক।    গল্ফ গার্ডেনের সার্ভিস চার্জ (ওয়েটার-অনধিক ৩০ জন, ফোম চেয়ার-৫০০ টি, গোল টেবিল ৫০ টি এবং অনুষ্ঠান চলাকালীন প্রয়োজনীয় ধৌত, প্রসাধনী, স্বাস্থ্য সতর্কতা পরিসেবা, কীটনাশক ও পরিচ্ছন্নতা সামগ্রী ইত্যাদি) বাবদ জনপ্রতি ৬৫/- (পঁয়ষট্টি) টাকা করে পরিশোধ করবেন।

খ।    গল্ফ গার্ডেনের সার্ভিস ইকুপমেন্ট (ক্রোকারিজ, কাটলারিজ, কিচেন ইকুপমেন্ট, টেবিল টপ, স্কার্টিং এবং রাউন্ড ক্লথ ইত্যাদি) বাবদ জনপ্রতি ৫৫/-(পঞ্চান্ন) টাকা করে পরিশোধ করবেন।

গ।    প্রয়োজন অনুযায়ী প্রতি চেয়ার কভার বাবদ ২০/- (বিশ) টাকা করে পরিশোধ করবেন।

ঘ।    গ্রাহকগনের চাহিদার প্রেক্ষিতে প্রতি সেট ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা হারে সোফা সেট সরবরাহ করা হবে।

ঙ।    রান্না বাবদ ব্যবহৃত গ্যাস জনবল অনুযায়ী (৮০০ জন অতিথির নিচে ৫,০০০/- এবং ৮০০ জন অতিথির উপরে হলে ৭,৫০০/- ) পরিশোধ করবেন।

চ।    ফটোগ্রাফার/ভিডিওগ্রাফি/ডিসপ্লে/সাউন্ড সিস্টেম চার্জ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা পরিশোধ করবেন।

ছ।    হলের (পূর্ব পার্শ্বে) বারান্দায় ত্রিপল/সামিয়ানা ও আলোকসজ্জা করলে ১০,০০০/- (দশ হাজার মাত্র) টাকা পরিশোধ করবেন।

জ।    অতিরিক্ত গাড়ী পার্কিং এর জন্য ড্রাইভিং রেঞ্জ ও সার্চ লাইট ব্যবহারের জন্য ১০,০০০/- (দশ হাজার মাত্র) টাকা পরিশোধ করবেন।

ঝ।    সার্ভিসের জন্য অতিরিক্ত ওয়েটার প্রয়োজন হলে প্রতিজন ওয়েটারের জন্য ৪০০/- টাকা হারে প্রদান করতে হবে।

৪।    অতিথি আপ্যায়ন বাবদ খাদ্যের উপর ১৫% ভ্যাট পরিশোধের জন্য অনলাইন (**a challan**) গিয়ে অটোমেটেড চালান সিস্টেম প্রবেশ করে এনবিআর এর জমা অংশে মূসক নির্বাচন করে **অর্থনৈতিক কোড বিআইএন নং ০০২৭৭২৮৯৬-০১০১** এবং সারচার্জের ধরণ (দেশজ পণ্য ও সেবার ওপর মূসক) নির্বাচন করে ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর) এবং **যে সরকারী প্রতিষ্ঠান বরাবর চালান জমা দেওয়া হচ্ছে সেই অংশে ১১১০২০৬১০২২০১ গুলশান সার্কেল-৫, গুলশান বিভাগ, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) অবশ্যই নির্বাচন করতে** হবে। পরবর্তী ঘরে (কোন খাতে/কোডে অর্থ জমা হচ্ছে) দেশজ পণ্য ও সেবার ওপর মূসক - ১১৪১১০১ নির্বাচন করে পরবর্তীতে গল্ফ গার্ডেনের বিআইএন নং ০০২৭৭২৮৯৬-০১০১ ও ব্যক্তির তথ্য দিয়ে ফর্ম পূরণ করতে হবে সর্বশেষে মন্তব্যের ঘরে অনুষ্ঠানের তারিখ লিপিবদ্ধ করে নির্ধারিত ভ্যাট পরিশোধ করতে হবে।

৫।    যদি কোন গ্রাহক তালিকা বর্হিভূত কোন ক্যাটারিং সার্ভিস ও ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নিতে ইচ্ছে পোষন করেন সেই ক্ষেত্রে 'গল্ফ গার্ডেন' কর্তৃপক্ষের নিকট ১০ (দশ) দিন পূর্বে লিখিতভাবে আবেদন করতে হবে। 'গল্ফ গার্ডেন' কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে গ্রাহকগন তালিকা বর্হিভূত (ক্যাটারিং ও ইভেন্ট ম্যানেজমেন্ট) প্রতিষ্ঠানের সাথে চুক্তি বদ্ধ হতে পারবেন।

৬।    ক্যাটারিং সার্ভিস/বাবুর্চি এবং গ্রাহকের সাথে খাবারের অর্ডারের চূড়ান্ত অতিথি সংখ্যা (জনবল) ও খাবরের মূল্য (দর) সম্বলিত চুক্তিপত্রের কপি অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বে গল্ফ গার্ডেন অফিসে জমা করবেন।

৭।    তালিকাভূক্ত ক্যাটারিং সার্ভিস/বাবুর্চিগন গ্রাহকের সাথে চুক্তি মোতাবেক অতিথি সংখ্যা (জনবল) অনুযায়ী ক্যাটারিং চার্জ ৫০/- (পঞ্চাশ) ও ড্রাইভার বক্স ২০/- (বিশ) টাকা হারে গল্ফ গার্ডেনকে পরিশোধ করতে হবে। খাবারের চূড়ান্ত অর্ডারের পরও অনুষ্ঠানের দিন যদি উপস্থিত অতিথির সংখ্যা বেশি হয় তাহলে চুক্তিপত্র মোতাবেক অতিরিক্ত অতিথির জন্য একই হারে ক্যাটারিং চার্জ প্রদান করতে হবে।

৮।    রান্নার সরঞ্জাম রাখা ও রান্নাঘর ভাড়া বাবদ ৩,০০০/- এবং পেন্ট্রি ভাড়া বাবদ ২,০০০/-সহ সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা অনুষ্ঠান ভিত্তিক অনুষ্ঠানের ০৩ দিন পূর্বে ক্যাটারিং প্রতিষ্ঠান কর্তৃক গল্ফ গার্ডেনকে পরিশোধ করবেন।

৯।    তালিকাভূক্ত নয় এমন কোন ক্যাটারিং সার্ভিস/বাবুর্চি দিয়ে খাবারের আয়োজন করা হলে উক্ত ক্যাটারিং সার্ভিস/বাবুর্চি গল্ফ গার্ডেন কর্তৃপক্ষকে ক্যাটারিং চার্জ ৫০/- (পঞ্চাশ) ও ড্রাইভার বক্স ২০/- টাকা হারে এবং ক্রমিক ৮ পরিশোধ করার পরও অতিরিক্ত চার্জ হিসেবে আরো ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ মাত্র) টাকা প্রদান করবেন।

১০।    তালিকাভূক্ত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান প্রতিটি ডেকোরেশন কাজের জন্য (দিনের) ক্ষেত্রে বেসামরিক ক্লাব সদস্য ৪০,০০০/- (চল্লিশ হাজার মাত্র) এবং অন্যান্য বেসামরিক ব্যক্তিবর্গের অনুষ্ঠানে ৪৫,০০০/- (পঁয়তাল্লি হাজার মাত্র) টাকা হারে প্রদান করবেন।

১১।    তালিকাভূক্ত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান প্রতিটি ডেকোরেশন কাজের (রাতের) ক্ষেত্রে বেসামরিক ক্লাব সদস্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) এবং অন্যান্য বেসামরিক ব্যক্তিবর্গের অনুষ্ঠানে ৬০,০০০/- (ষাট হাজার মাত্র) টাকা হারে প্রদান করবেন।

১২।    তালিকাভূক্ত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক গল্ফ গার্ডেনের ডেকোরেশন কাজে কোন প্রকার ট্রাস (Truss) ব্যবহার করলেই প্রতি কাজের জন্য ১৫,০০০/- (পনের হাজার মাত্র) টাকা অনুষ্ঠানের ০৩ দিন পূবেই গল্ফ গার্ডেনকে প্রদান করবেন।

১৩।    তালিকাভূক্ত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক গল্ফ গার্ডেনের ডেকোরেশন কাজে সাইট ফ্রেম (Side Frame) ব্যবহার করলেই প্রতি কাজের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, হলের ভিতরে সাইট ফ্রেমের পর্দায় ফোকাস, হ্যালোজেন/পারগান লাইট (Side Light) ইত্যাদি ব্যবহার করলেই প্রতি কাজে ৫,০০০/- এবং ষ্টেজ সিলিং ফ্রেম (Stage Ceiling Frame) ব্যবহার করলে প্রতি কাজে ৪,০০০/- (চার হাজার মাত্র) টাকা অনুষ্ঠানের ০৩ দিন পূবেই গল্ফ গার্ডেনকে প্রদান করবেন।

১৪।  তালিকাভুক্ত নয় এমন কোন ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান দিয়ে ডেকোরেশনের কাজ করা হলে উক্ত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান গলফ গার্ডেন কর্তৃপক্ষকে ক্রমিক ১০ হতে ক্রমিক ১৩ পর্যন্ত হারে অর্থ পরিশোধ করার পরও অতিরিক্ত চার্জ হিসেবে আরো ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ মাত্র) টাকা প্রদান করবেন।

১৫।  ক্যাটারিং সার্ভিস/ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ক্যাটারিং চার্জের টাকা ও ইভেন্ট ম্যানেজমেন্টের কাজের নির্ধারিত হারের টাকা অনুষ্ঠান শুরুর ০৩ দিন পূর্বে অবশ্যই নগদ (Cash) পরিশোধ করবেন।

১৬।  গলফ গার্ডেনের সম্মুখস্থ রাস্তার পঁশ্চিম পার্শ্বের (ডান দিকে) লনে প্যান্ডেল তৈরির জন্য প্রতিবর্গফুট ১০/- (দশ) টাকা হারে পরিশোধ করবেন।

১৭।  বুকিং এর সময়সীমা সন্ধ্যা ০৬০০ হতে রাত ১২০০ পর্যন্ত ০৬ ঘন্টার জন্য প্রযোজ্য হবে। সময়সীমা রাত ১২টা অতিক্রম করলে ঘন্টা প্রতি (সর্বোচ্চ ৩ ঘন্টা) অতিরিক্ত ২০,০০০/- (বিশ হাজার মাত্র) টাকা হারে অনুষ্ঠান চলাকালিন সময়ে অবশ্যই গলফ গার্ডেন অফিসে পরিশোধ করবেন।

১৮।  গলফ গার্ডেনে দিনের বুকিং এর সময়সীমা সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ১৬:০০ ঘটিকা পর্যন্ত (০৬ ঘন্টা)। কোন অবস্থাতেই গলফ গার্ডেনের দিনের অনুষ্ঠান বিকাল ১৬:০০ ঘটিকার অতিক্রম করা যাবে না।

১৯।  গ্রাহকগন যদি খাবারের আয়োজন ব্যতীত গলফ গার্ডেন ভাড়া নেয় সেক্ষেত্রে হল সেটআপ চার্জ বাবদ ৪০,০০০/- টাকা পরিশোধ করবেন।

২০।  ব্যবহারকালে গলফ গার্ডেন বা তার আওতাধীন কোন সামগ্রীর কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে ব্যবহারকারীকে উক্ত ক্ষয়ক্ষতির সমুদয় মূল্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দামে পরিশোধ করবেন।

২১।  গলফ গার্ডেন এ অনুষ্ঠান চলাকালীন অতিথিরা তার নিজ দায়িত্বে তার ব্যক্তিগত জিনিস যেমন, মোবাইল ফোন, ব্যানিটি ব্যাগ, পার্স, টাকা পয়সা ও মূল্যবান স্বর্নালংকার ইত্যাদি সংরক্ষণ করবেন। এ ব্যাপারে কোন দায়-দায়িত্ব গলফ গার্ডেন কর্তৃপক্ষ বহন করবে না।

**গলফ গার্ডেন কর্তৃপক্ষ উপরোক্ত শর্তাবলী যেকোন সময়ে পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/সংশোধন করতে পারবেন।**

## বিশেষ নির্দেশাবলী

১।  দাপ্তরিক জটিলতা নিরসনকল্পে গলফ গার্ডেনের সার্ভিস সংক্রান্ত সকল বিলের টাকা অবশ্যই অনুষ্ঠান শুরুর ০৭ দিন পূর্বে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে।

২।  গলফ গার্ডেনের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী গ্রাহক বা গ্রাহকের আত্নীয়স্বজন বা অন্যান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানের দিন গলফ গার্ডেনের সাথে সম্পৃক্ত কোন ব্যক্তিবর্গকে টিপ্‌স বা নগদ অর্থ (হল বুকিং এবং সার্ভিস চার্জ সংক্রান্ত বিষয় ব্যতিত) প্রদান করতে পারবেন না।

৩।  গলফ গার্ডেনে নিয়োজিত বিভিন্ন ব্যক্তিবর্গ যেমন, সার্ভিসম্যান বা ওয়েটার, ক্লিনার, নিরাপত্তা প্রহরী, ইলেকট্রিকশিয়ান, স্টোরম্যান এবং এসি মেকানিকদের কোন ধরনের টিপ্‌স বা নগদ অর্থ প্রদান করা সম্পূর্নরুপে নিষিদ্ধ।

৪।  তালিকাভুক্ত এবং তালিকাভুক্ত নয় এমন ক্যাটারিং সার্ভিসের সাথে সংযুক্ত ব্যক্তিবর্গ যেমন, ম্যানেজার, স্টোরম্যান, হেড কুক, কুক ও অন্যান্য ক্যাটারিং স্টাফদের হলের ভিতরে প্রবেশ এবং তাদেরকে কোন ধরনের টিপ্‌স বা নগদ অর্থ প্রদান করা সম্পূর্নরুপে নিষিদ্ধ।

৫।  গলফ গার্ডেন হলের ভিতরে কোন বস্তু হারানো গেলে সাথে সাথে হলের ভিতরে কর্তব্যরত সুপারভাইজার বা ক্যাপ্টেনকে অবহিত করতে হবে যেন দ্রুততার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করা যায়। তবে উল্লেখ্য, পরবর্তীতে এ ব্যাপারে কোন অভিযোগ গলফ গার্ডেন কর্তৃপক্ষ গ্রহন করবে না।

৬।  গলফ গার্ডেনের ঠিকানা নিম্নরুপঃ

| | |
|---|---|
| **গলফ গার্ডেন, আর্মি গলফ ক্লাব, এয়ারপোর্ট রোড, ঢাকা সেনানিবাস। (রেডিসন হোটেলের বিপরীতে)** | Golf Garden, Army Golf Club<br>Airport Road, Dhaka Cantt.<br>(Opposite to Hotel Radisson) |

৭।  নিরাপত্তা জনিত কারনে গলফ গার্ডেন হলের ভিতরে (পেন্ট্রিরুমসহ) এবং বাহিরের সকল কার্যক্রম সার্বক্ষনিক সিসিটিভি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষন করা হয়।

৮।  গলফ গার্ডেন এলাকায় সাপ, বাঁদর, পাখি, ঘোড়া ও ঘোড়া গাড়ীসহ যাবতীয় পশুপাখি আনা, খেলা দেখানো ইত্যাদি সম্পূর্নরুপে নিষিদ্ধ।

৯।  সার্ভিস চলাকালীন সময়ে গ্রাহকের নির্বাচিত প্রতিনিধি শুধুমাত্র অতিথির হিসাব রাখার জন্য হলের ভিতরে পর্যবেক্ষণ করতে পারবেন। হলের ভিতরে অতিথি আপ্যায়নের কোন প্রয়োজনীয়তা দেখা দিলে তৎক্ষনাৎ কর্তব্যরত হল সুপার/ক্যাপ্টেনদেরকে অবহিত করতে হবে।

১০।  খাবার বিতরণ এলাকায় বা পেন্ট্রিরুমে গ্রাহকের কোন প্রতিনিধি রাখার প্রয়োজনীয়তা দেখা দিলে অবশ্যই কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।